DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 03:10 PM

রাজনীতি

# ঢাকেশ্বরী মন্দিরের জমি কার্যক্রম নিষিদ্ধ আ. লীগ দখল করেছিল: স্বরাষ্ট্রমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৫৫ PM



ঢাকেশ্বরী মন্দিরের জমির একটি বড় অংশ কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ দখল করে রেখেছিল বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ১৯৯৬ সালে ভূমি মন্ত্রণালয়-সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য হিসেবে ঢাকেশ্বরী মন্দিরের জমি পরিদর্শন করেছিলাম। তখন দেখা যায়, প্রায় আড়াই একর সম্পত্তি সরকারের নিয়ন্ত্রণে রয়েছে। বাকি সম্পত্তি আওয়ামী লীগের দখলে ছিল।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শুভ জন্মাষ্টমী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

সালাহউদ্দিন আহমদ বলেন, ওই সময় সরকারের হাতে থাকা আড়াই একর জমি মূলত শ্মশানের জায়গা ছিল। শ্মশান না হলে সেটিও দখল হয়ে যাওয়ার আশঙ্কা ছিল। এখন ওই জমি কার কাছ থেকে ফেরত নেওয়া হবে—এ নিয়ে বাস্তব জটিলতা রয়েছে। কারণ, জমিগুলো ইতোমধ্যে ১০-১২ বার হাতবদল হয়েছে।

সাম্প্রদায়িক সম্প্রীতি প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে কাউকে ধর্মীয় সংখ্যালঘু হিসেবে দেখার সুযোগ নেই। সবাই বাংলাদেশের নাগরিক এবং সংবিধানও নাগরিকদের সমান অধিকার নিশ্চিত করেছে। এখানে কেউ সংখ্যাগুরু বা সংখ্যালঘু নয়; সবাই নাগরিক।

বর্তমান সরকারের সময়ে কেউ গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বা রাজনৈতিক নির্যাতনের শিকার হননি বলেও দাবি করেন সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে এবং এর চর্চা চলছে। এ ক্ষেত্রে সবার সহযোগিতা প্রয়োজন।

তিনি আরও বলেন, ধর্মীয় পরিচয়ের কারণে কাউকে কোনো বিষয়ে বঞ্চিত করা হবে না। নাগরিক হিসেবে প্রত্যেকের সাংবিধানিক অধিকার নিশ্চিত করা হবেএটাই সরকারের প্রতিশ্রুতি ও অঙ্গীকার।

---

## এ বিভাগের আরও খবর




**ফুটপাত দখল, মাদক ও যানজটে নাজেহাল ঢাকা-৬! বৈঠকে ইশরাকের ক্ষোভ**
মাদক, যানজট, ফুটপাত দখল, ধোলাইখাল ট্রাকস্ট্যান্ড ও সদরঘাটের নানা সমস্যা নিয়ে ঢাকা-৬ আসনের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ক্ষোভ জানিয়েছেন মুক্তিযু...




**নারীর আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে: রিজভী**
নারীদের অধিকার নিশ্চিত করতে হলে তাদের শিক্ষার আলোয় আলোকিত ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে হবে। নারীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সবাইকে একসঙ্গ...




**ফ্যাসিস্ট হাসিনার আমলে ভারতের সঙ্গে ১০১ চুক্তি পর্যালোচনা, সবার আগে বাংলাদেশ: চিফ হুইপ**
ফ্যাসিস্ট শেখ হাসিনার শাসনামলে ভারতের সঙ্গে হওয়া ১০১টি চুক্তি পর্যালোচনা করছে বর্তমান সরকার। এসব চুক্তির বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে ব...



**নজরুলকে নিয়ে সংসদে বিরোধীদলীয় নেতা ও স্বরাষ্ট্রমন্ত্রীর বাকযুদ্ধ**
জাতীয় সংসদে বিরোধী দল থেকে বহিষ্কৃত সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে সংসদীয় কমিটিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিয়ে সরকারি ও বিরোধী দলের শীর্ষ নেতাদে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/politics/dhakeshbri-mndirer-jmi-karjkrm-nishiddh-a-lig-dkhl-krechhil-sbrashtrmntri